

২০২১

বাংলা

(প্রোগ্রাম)

স্কিল এনহ্যান্সমেন্ট কোর্স

(সি বি সি এস পদ্ধতি অনুযায়ী নতুন পাঠক্রম)

ষষ্ঠ সেমিস্টার

কোর্স কোড : BENG-G-SEC-T-4

(আই. পি. এ, প্রুফ ও প্রবন্ধরচনা)

পূর্ণমান : ৪০

সময় : ২ ঘন্টা

দক্ষিণ-প্রান্তস্থ সংখ্যা প্রসঙ্গমান নির্দেশক।

প্রশ্নগুলির উত্তর যথাসম্ভব নিজের ভাষায় হওয়া বাঞ্ছনীয়।

বিঃ দ্রঃ- A4 সাইজ কাগজের ১০ থেকে ১২ পৃষ্ঠার মধ্যে উত্তর লেখা বাঞ্ছনীয়।

১। যে-কোনো পাঁচটি প্রশ্নের উত্তর দাও :  $২ \times ৫ = ১০$ 

- ক) আন্তর্জাতিক ধ্বনিমূলক বর্ণমালার দুটি নীতি লেখো।
- খ) স্বনিম কাকে বলে?
- গ) ইংরেজিতে IPA শব্দটির পূর্ণরূপ লেখো।
- ঘ) আন্তর্জাতিক ধ্বনিমূলক বর্ণমালা সৃষ্টির প্রয়োজনীয়তা কি?
- ঙ) প্রুফ সংশোধনকালে বাক্যে কমা এবং সেমিকোলন যোগ করতে হলে কোন্ কোন্ চিহ্ন ব্যবহার করতে হবে?

(পরের পাতায়)

চ) প্রুফ সংশোধনের প্রয়োজনীয়তা কি?

ছ) রামমোহন রায় — এই শব্দ দুটিকে আন্তর্জাতিক ধ্বনিমূলক বর্ণমালায় লিপ্যন্তর করো।

জ) আন্তর্জাতিক ধ্বনিমূলক বর্ণমালায় ব্যবহৃত দুটি উৎস বর্ণমালার উদাহরণ দাও।

২। যে-কোনো দুটি প্রশ্নের উত্তর দাও :  $৫ \times ২ = ১০$ 

ক) তোমার প্রিয় একজন কবির কবিপ্রতিভা সম্বন্ধে একটি সংক্ষিপ্ত প্রবন্ধ লেখো।

খ) নিম্নে প্রদত্ত অংশটির প্রুফ সংশোধন করো :

সুধীন্দ্রনাত দত্ত আধুনিক কবিদের মধ্যে অল্পতম শ্রেষ্ঠ কবি। তাঁর কবিতা আবেগ আর মননের একমিশ্রণ অসামান্য। আপাতত দৃষ্টিতে তিনি আধুনিক কবিদের মধ্যে সবচেয়ে দুর্বল কবি।

তিনি অভিধান হইতে প্রচুর অপ্রচলিত বেছে নিয়েছেন। তাঁর প্রতিভা সর্বজনোবিদিত।

গ) প্রুফ সংশোধনে গ্রন্থকারের দায়িত্বগুলি কি কি?

ঘ) নিম্নে প্রদত্ত অংশটির আন্তর্জাতিক ধ্বনিমূলক বর্ণমালায় লিপ্যন্তর করো :

আধুনিক গীতিকাব্যের সূচনা বিহারীলালের হাতেই। এজন্য তিনি ঊনবিংশ শতকের গীতিকবিদের গুরুস্থানীয় বলে স্বীকৃত। স্বয়ং রবীন্দ্রনাথ তাকে গীতিকবিতার ‘ভোরের পাখী’ বলেছেন। বিশ্বকবি স্বীকার করেছেন যে তাঁর কিশোর বয়সের রচনা ‘বাল্মীকি প্রতিভা’র মূলভাব এমনি ভাষা পর্যন্ত তিনি বিহারীলালের ‘সারদামঙ্গল’ কাব্য থেকে নিয়েছিলেন।

627/Beng.

( 2 )

৩। যে-কোনো দুটি প্রশ্নের উত্তর দাও : ১০×২=২০

ক) পাণ্ডুলিপি সংশ্লিষ্ট প্রফ সংশোধনের জন্য প্রয়োজনীয় চিহ্ন ও তাদের প্রয়োগ পদ্ধতি দেখিয়ে একটি তালিকা প্রস্তুত করো।

খ) সমাজ গঠনে নারীর ভূমিকা নিয়ে একটি অনতিদীর্ঘ আলোচনা করো।

গ) নিম্নে প্রদত্ত অংশটির আন্তর্জাতিক ধ্বনিমূলক বর্ণমালায় লিপ্যন্তর করো :

ব্যক্তির সঙ্গে ব্যক্তির সম্পর্কের মধ্য দিয়ে ব্যক্তির স্বরূপকে যাচাই করতে গেলে সবচেয়ে বড় প্রয়োজন পুরুষ ও নারী উভয়কে ব্যক্তি হিসাবে স্বীকৃতি দান। রবীন্দ্রনাথের কাছে ব্যক্তিত্বের মৌলিক প্রশ্নটি যে সমাজ-নির্পীড়িত নারীর সাধারণ বন্ধন মুক্তির আগ্রহমাত্র নয়, তা যে নারী-পুরুষের অস্তিত্বের এক অতিমৌল সমস্যা— এ ধারণা অত্যন্ত স্পষ্ট ছিল। ‘ঘরে-বাইরে’ উপন্যাসে বিমলা নিখিলেশের দৃষ্টিতে কেবল তার বিবাহিতা পত্নী নয়, তার গৃহসামগ্রীর অংশ বিশেষ নয় — সে এক অনন্য ব্যক্তিস্বরূপ।

ঘ) ‘ছোটগল্পকার রবীন্দ্রনাথ’ এই বিষয়ের উপর একটি নাতিদীর্ঘ প্রবন্ধ রচনা করো।

-----